



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৪-০৯-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

আগামী ২৫ হতে ৩১ অক্টোবর ২০২১ তারিখ পর্যন্ত 'এএফসি অ-২৩ এশিয়ান কাপ ২০২২, কোয়ালিফায়ার্স' এ খেলা কুয়েতে অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় ডি গ্রুপে বাংলাদেশ, সৌদি আরব, উজবেকিস্তান ও স্বাগতিক কুয়েত অ-২৩ জাতীয় ফুটবল দল অংশগ্রহণ করবে। এ লক্ষ্যে বাংলাদেশ অ-২৩ জাতীয় ফুটবল দল আগামী ২১-১০-২০২১ তারিখ কুয়েতের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবে।

এ প্রেক্ষিতে সংযুক্ত তালিকা অনুযায়ী আগামী ২৫-০৯-২০২১ তারিখ বিকাল ৫:৩০ ঘটিকায় প্রয়োজনীয় ক্রীড়া সরঞ্জামাদিসহ ধানমন্ডিস্থ আবাহনী লিঃ মাঠে টিম ম্যানেজার জনাব সত্যজিৎ দাশ রুপু এর নিকট রিপোর্ট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য যে, বর্তমানে বাংলাদেশ জাতীয় ফুটবল দলের সাথে অবস্থানকৃত খেলোয়াড়গণ চলমান আবাসিক ক্যাম্প শেষে সরাসরি বাংলাদেশ অ-২৩ জাতীয় ফুটবল দলের সাথে যোগদান করবে।

খালিদ মাহমুদ নওমী
মিডিয়া এক্সিকিউটিভ
বাংলাদেশ ফুটবল ফেডারেশন